

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ জুলাই ২০১৮

নং ২২.০০.০০০০.০৬৬.৫৭.০০১.১৪-২০৭—যেহেতু, বন আইন ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ৪ (১) (ক) ধারায় নিম্ন তফসিলভুক্ত ভূমি সংরক্ষিত বন (Reserved Forest) হিসাবে ঘোষণা করার ইচ্ছা প্রকাশ করিয়া সরকার নিম্ন বর্ণিত বিজ্ঞপ্তিসমূহ বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ ডেপুটি কমিশনার ময়মনসিংহ ও পরবর্তীতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজ্য), ময়মনসিংহকে ফরেস্ট সেক্টেলমেন্ট অফিসার নিয়োগ করা হয়। যিনি উক্ত আইনের দ্বিতীয় অধ্যায় (Chapter 11) এর বিধানমতে বর্ণিত ভূমির উপর কাহারো কোন ন্যায়সংগত দাবীদাওয়া থাকিলে তাহার তদন্ত করিয়া দেখার এবং এ বিষয়ে ছির সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন; এবং

যেহেতু, বর্ণিত ফরেস্ট সেক্টেলমেন্ট অফিসার উক্ত আইনের ৬ ধারায় বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খন্ডে ৩ মার্চ, ১৯৮৩ তারিখে প্রকাশিত নোটিশের মাধ্যমে উল্লিখিত বনভূমি সম্পর্কে কাহারো কোনো দাবি দাওয়া থাকিলে উহা উক্ত নোটিশ জারির তারিখ হইতে ৬ মাসের মধ্যে প্রামাণিক দলিলপত্র-সহ তাহার নিকট লিখিত বা মৌখিক উপস্থাপন করার আহ্বান জানান; এবং

যেহেতু, বর্ণিত ঘোষণার পরিপ্রেক্ষিতে উক্ত ভূমির বিপরীতে কোনো দাবী দাওয়া উপস্থাপিত হয় নাই অথবা দাবী দাওয়া উপস্থাপিত হওয়ার পর আইনসংগতভাবে নিষ্পত্তি হইয়াছে সে সকল নিম্ন তফসিলে বর্ণিত বন ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারার ক্ষমতাবলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারির তারিখ হইতে “সংরক্ষিত বন” (Reserved Forest) বলে গণ্য হইবে মর্মে ঘোষণা করা হইল :

(২৪৩)

মূল্য : টাকা ৮.০০

বন্ডমি তফসিল :

জেলা	পরগনা	উপজেলা	মৌজা		সেটেলমেন্ট দাগ নং	জমির পরিমাণ (একর)	৬ ধারায় গেজেট বিজ্ঞপ্তি নং ও তারিখ
			জে. এল. নং	নাম			
১	২	৩	৪	৫	৬	৭	৮
ময়মনসিংহ	রণভাওয়াল	ভালুকা	২৭৭	পাড়াগাঁও	৪৮৩	৬.৯০	বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খন্ডে তরা মার্চ ১৯৮৩ তারিখে প্রকাশিত

০২। জনস্বার্থে জারিকৃত এই প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
ভারপ্রাপ্ত সচিব।